**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বাংলাদেশ পরিকল্পনা কমিশন
সাধারণ অর্থনীতি বিভাগ
শেরেবাংলা নগর, ঢাকা
www.plancomm.gov.bd

নং- ২০.২২.০০০০.০০০.১৪.০১৭.১৮- ৩৭

তারিখ: ৩০ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ
১৫ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

# প্রজ্ঞাপন

বাংলাদেশের জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (এনএসএসএস) অনুযায়ী বিভিন্ন কর্মসূচি/কার্যক্রম/প্রকল্পের ফলাফলভিত্তিক বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন এবং উক্ত কৌশল সংশ্লিষ্ট বিভিন্ন কর্মকাণ্ডের কার্যকর বাস্তবায়ন তদারকীর নিমিত্ত পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের আওতায় গত ২০ জুন ২০১৮ তারিখে গঠিত পরিবীক্ষণ ও মূল্যায়ন কমিটি উক্ত কমিটির ১ম সভার সিদ্ধান্ত অনুযায়ী নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হল:

## কমিটির গঠন (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | | |
|---|---|---|
| ১. | সদস্য (সিনিয়র সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন | সভাপতি |
| ২. | অতিরিক্ত সচিব, সমন্বয় অনুবিভাগ, সমন্বয় ও সংস্কার ইউনিট, মন্ত্রিপরিষদ বিভাগ | সদস্য |
| ৩. | অতিরিক্ত সচিব, সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ ও সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ফোকাল পয়েন্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | অতিরিক্ত সচিব, তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | অতিরিক্ত সচিব ও সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ফোকাল পয়েন্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | অতিরিক্ত সচিব ও সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ফোকাল পয়েন্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | অতিরিক্ত সচিব ও সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ফোকাল পয়েন্ট, খাদ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৮. | অতিরিক্ত সচিব ও সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ফোকাল পয়েন্ট, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৯. | অতিরিক্ত সচিব ও সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ফোকাল পয়েন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সদস্য |
| ১০. | মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| ১১. | যুগ্ম-প্রধান, দারিদ্র্য বিশ্লেষণ ও পরিবীক্ষণ অনুবিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন | সদস্য |
| ১২. | পরিচালক, কম্পিউটার অনুবিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | সদস্য |
| ১৩. | যুগ্ম-প্রধান ও জাতীয় প্রকল্প পরিচালক, সোস্যাল সিকিউরিটি পলিসি সাপোর্ট (এসএসপিএস) প্রোগ্রাম প্রকল্প, সাধারণ অর্থনীতি বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন | সদস্য-সচিব |

## ২.০। কমিটির কার্যপরিধি (Terms of References):

পরিবীক্ষণ ও মূল্যায়ন কমিটি'র কার্যপরিধি হবে নিম্নরূপ:

২.১ এনএসএসএস কর্মপরিকল্পনা (Action Plan) -এ বর্ণিত জাতীয় সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের ফলাফলভিত্তিক পরিবীক্ষণ ও মূল্যায়ন কাঠামো পর্যালোচনা ও চূড়ান্তকরণ;

২.২ জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (এনএনএসএস), এনএসএসএস কর্মপরিকল্পনা (Action Plan), কর্মসূচি/কার্যক্রম/প্রকল্পভিত্তিক পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত নির্দেশকসমষ্টি, ও কোর ডায়াগনোস্টিক ইন্সট্রুমেন্টের (Core Diagnostic Instrument-CODI) ভিত্তিতে পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশকমালা (Indicators) চূড়ান্তকরণ;

২.৩ উপকারভোগী নির্বাচন পদ্ধতির পর্যালোচনা ও প্রয়োজনে আলোচ্য নির্বাচন পদ্ধতির পরিবর্তন বিষয়ে সুপারিশ প্রদান;

২.৪ একক রেজিস্ট্রিভিত্তিক তথ্য-ব্যবস্থাপনা পদ্ধতির (Single Registry MIS) সঙ্গে পরিবীক্ষণ ও মূল্যায়ন কাঠামোর সমন্বয় সাধনের কৌশল-পদ্ধতি বিষয়ে সুপারিশমালা তৈরি এবং সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় সমীক্ষা পরিচালনা;

২.৫ সামাজিক সুরক্ষার কর্মসূচি/কার্যক্রম/প্রকল্পসমূহের কেন্দ্রীয় পর্যায়ের বাস্তবায়নের সাথে আঞ্চলিক/জেলা/উপজেলা পর্যায়ের বাস্তবায়নের সমন্বয় সাধনের জন্য অনলাইন ফিডব্যাক লুপ/সিস্টেম তৈরি করা;

২.৬ সামাজিক সুরক্ষার বাস্তবায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত বিভিন্ন কর্মশালা, ডায়ালগ, সভা প্রভৃতি আয়োজনের ব্যবস্থাপনা এবং আলোচ্য বাস্তবায়ন ও পরিবীক্ষণ কাঠামোর বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনা প্রদান;

২.৭ সামাজিক সুরক্ষার বাস্তবায়ন ও পরিবীক্ষণ সম্বলিত বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন এবং তা অনুমোদনের জন্য কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি (সিএমসি) -তে উপস্থাপন;

২.৮ সামাজিক সুরক্ষার বাস্তবায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত বাৎসরিক ও অন্যান্য প্রতিবেদনসমূহের প্রকাশনা ও সঞ্চরণ;

২.৯ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সামাজিক সুরক্ষার বাস্তবায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত ফলাফল উপস্থাপনা; এবং

২.১০ বিবিধ

৩.০। **<u>সহযোগী সদস্য ও পর্যবেক্ষক:</u>**

সাধারণ অর্থনীতি বিভাগ ও মন্ত্রিপরিষদ বিভাগের সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়ন সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সহযোগী সদস্য হিসেবে কমিটিতে অন্তর্ভুক্ত হবেন। এছাড়াও 'সোশ্যাল সিকিউরিটি পলিসি সাপোর্ট (এসএসপিএস) প্রোগ্রাম' শীর্ষক প্রকল্পের জাতীয় প্রকল্প ব্যবস্থাপক পর্যবেক্ষক হিসেবে কমিটিতে অন্তর্ভুক্ত থাকবেন।

৪.০। কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

৫.০। 'সোশ্যাল সিকিউরিটি পলিসি সাপোর্ট প্রোগ্রাম' শীর্ষক প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবেন।

৬.০। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

Moin
১৫/১০/২০১৮

(শেখ মঈনুল ইসলাম মঈন)
সিনিয়র সহকারী প্রধান
পরিচিতি নং- ০৬০৫
ফোন: ৯১৮০৯৬১
ফ্যাক্স: ৯১২৭৮১৩
ই-মেইল: sheikh.moinul.moin@gmail.com

নং - ২০.২২.০০০০.০০০.১৪.০১৭.১৮- ৯৭

তারিখ: ৩০ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ
১৫ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সদস্য (সিনিয়র সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।

২. অতিরিক্ত সচিব, সমন্বয় অনুবিভাগ, সমন্বয় ও সংস্কার ইউনিট, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. অতিরিক্ত সচিব, সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ ও সামাজিক নিরাপত্তা ফোকাল পয়েন্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪. অতিরিক্ত সচিব, তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, পরিসংখ্যান ভবন, শেরেবাংলা নগর, ঢাকা।

৫. অতিরিক্ত সচিব ও সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ফোকাল পয়েন্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬. অতিরিক্ত সচিব ও সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ফোকাল পয়েন্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭. অতিরিক্ত সচিব ও সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ফোকাল পয়েন্ট, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮. অতিরিক্ত সচিব ও সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ফোকাল পয়েন্ট, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯. অতিরিক্ত সচিব ও সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ফোকাল পয়েন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০. মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।

১১. যুগ্ম-প্রধান, দারিদ্র্য বিশ্লেষণ ও পরিবীক্ষণ অনুবিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।

১২. যুগ্ম-প্রধান (রাওমু) ও প্রকল্প পরিচালক, সোশ্যাল সিকিউরিটি পলিসি সাপোর্ট প্রোগ্রাম প্রকল্প, সাধারণ অর্থনীতি বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।

১৩. পরিচালক, কম্পিউটার অনুবিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, শেরেবাংলা নগর, ঢাকা।

১৪. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।

১৫. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।

১৬. সদস্য (সিনিয়র সচিব) মহোদয়ের একান্ত সচিব, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।

১৭. জাতীয় প্রকল্প ব্যবস্থাপক, সোশ্যাল সিকিউরিটি পলিসি সাপোর্ট (এসএসপিএস) প্রোগ্রাম প্রকল্প, শেরেবাংলা নগর, ঢাকা।

১৮. সংশ্লিষ্ট নথি।